

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী

[www.bkkb.rajshahidiv.gov.bd](http://www.bkkb.rajshahidiv.gov.bd)

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহীতে ২৫/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আনোয়ার যাইদ, পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।  
তারিখ : ২৫/০৩/২৪  
সময় : সকাল ১০:০০ টা  
স্থান : পরিচালক মহোদয়ের অফিস কক্ষ

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”)

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। রাজশাহী বিভাগীয় কার্যালয়ে ২৫/০৩/২০২৪ তারিখে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে করণীয় বিষয়ক” সভার আয়োজন করা হয়। ডিজিটাল বাংলাদেশ রূপকল্পে ২০২১ এর সফল বাস্তবায়নের ধারাবাহিকতায় সরকার এখন ২০৪১ সালের মধ্যে উদ্ভাবনী ও জ্ঞানভিত্তিক অর্থনীতির স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে বিভিন্ন কর্মপরিকল্পনা প্রণয়ন ও উদ্ভাবনী ধারণা বাস্তবায়নসহ নানাবিধ কাজ করছে।

স্মার্ট বাংলাদেশ বলতে স্মার্ট নাগরিক, সমাজ, অর্থনীতি ও স্মার্ট সরকার গড়ে তোলাকেই বোঝানো হয়। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, আর্থিক ও দাপ্তরিক সেবা খাতের কার্যক্রম স্মার্ট পদ্ধতিতে রূপান্তর করা। এজন্য সরকারি ব্যবস্থাপনায় আধুনিকায়ন এবং এর উন্নয়নে একটি দক্ষ ও স্বচ্ছ ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলার লক্ষ্যে সমন্বিত কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের পরে এখন স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্য চারটি স্তরের ওপর ভিত্তি করে আগামীর স্মার্ট বাংলাদেশ গড়ার উদ্দেশ্য নেওয়া হচ্ছে। স্মার্ট বাংলাদেশ গড়ার স্তর চারটি: যথা স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট গভর্নমেন্ট এবং স্মার্ট সোসাইটি। স্মার্ট বাংলাদেশে প্রযুক্তির মাধ্যমে সবকিছু সম্পন্ন হবে। সেখানে নাগরিকরা প্রযুক্তি ব্যবহারে দক্ষ হবে এবং এর মাধ্যমে সমগ্র অর্থনীতি পরিচালনা করবে। ভবিষ্যৎ স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বুদ্ধিদীপ্ত এবং উদ্ভাবনী। স্মার্ট সিটি এমন নগরায়ন হবে যেখানে ন্যূনতম পরিবেশগত প্রভাব নিশ্চিত করে কোনো একটি শহরের সম্পদের সর্বোচ্চ ব্যবহারের পাশাপাশি নাগরিকদের জন্য উন্নতর জনবান্ধব সেবা প্রদানে আধুনিক প্রযুক্তিগুলোকে কাজে লাগানো হবে। স্মার্ট সিটিতে অনেকগুলো উপাদান থাকলেও বাংলাদেশের জন্য প্রস্তাবিত স্মার্ট সিটি কাঠামোতে স্বাস্থ্যসেবা, পরিবহন, জননিরাপত্তা, ইউটিলিটি এবং নগর প্রশাসনসহ মোট ৫টি উপাদান এবং পরিষেবাকে মোটা দাগে চিহ্নিত করা হয়েছে। স্মার্ট ভিলেজ হবে এমন এক গ্রামীণ জনগোষ্ঠী যেখানে ডিজিটাল প্রযুক্তি এবং উন্মুক্ত উদ্ভাবনী প্ল্যাটফর্মের ব্যবহারের মাধ্যমে স্থানীয় নাগরিকরা বিশ্ববাজারে সাথে যোগাযোগের সুযোগ পাবে। এছাড়া সরকারি ও বেসরকারি উভয় খাতের বিভিন্ন সেবা প্রদান ব্যবস্থাকে উন্নত করা, খাদ্য সরবরাহ ব্যবস্থার উন্নয়ন এবং নবায়নযোগ্য শক্তির উৎস বিকাশে স্মার্ট ভিলেজ গুরুত্বপূর্ণ অবদান রাখবে। ডিজিটাল সেবা কেন্দ্রীয়ভাবে সমন্বিত ক্লাউডের আওতায় নিয়ে আসা হবে।


স্মার্ট বাংলাদেশ দেশের ১৭ কোটি ধ্যানজ্ঞান ও চিন্তা-ভাবনার কেন্দ্রবিন্দু হবে। ২০৪১ সাল নাগাদ একটি সাশ্রয়ী, টেকসই, বুদ্ধিদীপ্ত, জ্ঞানভিত্তিক, উদ্ভাবনী, স্মার্ট বাংলাদেশ গড়াই সরকারের লক্ষ্য। সরকারের লক্ষ্য সমূহ পূরণে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের কার্যক্রম সমূহ স্মার্ট করণের উদ্যোগ নিতে হবে। এ লক্ষ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সেবা সহজীকরণ/ডিজিটালাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নে প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব দিতে হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
মো: আনোয়ার যাইদ  
পরিচালক  


অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১ জনাব মো: আ: হান্নান, কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ২ জনাব মো: রবিউল ইসলাম, হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৩ জনাব রোকসানা জান্নাত, হিসাবরক্ষক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৪ জনাব আবু জর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৫ জনাব মো: জিল্লাদুর রহমান তালুকদার, অফিস সহ: কাম কম্পি: মুদ্রাক্ষরিক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৬ জনাব শিউলি খাতুন, কম্পিউটার প্রশিক্ষিকা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৭ জনাব জান্নাতুল ফেরদৌস, সেক্রে. সায়েন্স প্রশিক্ষিকা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৮ জনাব রেনুকা আক্তার, টাইপিং প্রশিক্ষিকা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৯ জনাব শরিফা খাতুন, কাটিং প্রশিক্ষিকা, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ১০ জনাব মুশারফ জাহান রুমি, কনফেকশনারি, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ১১ জনাব আল সাবেরিনা চেতনা, বিডিটিফিকেশন, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ১২ অফিস কপি



(মোঃ তারেক মাহমুদ)

উপপরিচালক

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড,  
বিভাগীয় কার্যালয়, রাজশাহী।